

ছাত্রীদের উপবৃত্তির ক্ষেত্রে শহরের স্কুলগুলো বাদ যাবে কেন?

সম্প্রতি জনবিকৃত এক সার্কুলারে বলা হয়েছে যে- শহর, নগর ও পৌরসভায় অবস্থিত বিদ্যালয়ের ছাত্রীরা উপবৃত্তির সুবিধা পাবে না। ওই সংবাদ আমাদেরকে হতঃশঃ করেছে। পৌরসভার অন্তর্ভুক্ত কিনালয়গুলোতে আমরা সবকাবি আবাসবাণী এনিয়ে দরিদ্র ও অসহায় পরিবারের শিশুদের হোম ডিজিটিং মাধ্যমে বিদ্যালয়ে ভর্তি করলাম, এমন আমাদের জবাব কি? তাই আমি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জানতে চাই শহর বা পৌরসভায় অবস্থানকারী দরিদ্র ও অসহায় ছিন্নমূল পরিবারের শিশুদের অপব্যয় কি? তারা কি শহর বা পৌরসভায় অবস্থান করে পূর্ণ নাগরিক সুবিধা ভোগ করছে? যেমন: সাম্প্রতিক বেশনিং, উন্নততর বাছা পরিচর্যা, ফ্রি চিকিৎসা, বিদ্যাং গ্যাস, বিওক পানীয়জল, অন্ন-বস্ত্রের সংস্থান ইত্যাদি? আমি বলব তারা এসব কিছুই পায় না। শহরের আবাসিক নোংরা জায়গায় এদের বসবাস করা কবলে ভাত পায় নতুন উপবাস। অন্যদিকে, অনিদ্রায়, মশার কামড়ি ও বা কটায় শহরের আনাচে-কানাচে, তবুও ওরা শহরবাসী। সরকার প্রশাসনিক সুবিধার জন্য দেশের উপজেলা সদরগুলোকে পর্যায়ক্রমে পৌরসভায় উন্নীত করছে। কিন্তু এই নবযোজিত পৌরসভাগুলোতে কোন নাগরিক সুবিধা বন্ধ পায়নি। পৌরবাসী ওধু বহিত হারে ট্যাক্স দিচ্ছেন। যে যে অবস্থায় ছিলেন সেই অবস্থায়ই আছেন। ওধু নামের পরিবর্তন করে পৌরবাসী হয়েছেন। গরিব-দুঃখী অসহায় মানুষের অবস্থারও কোনরূপ পরিবর্তন চোখে পড়ে না। যারা সচ্ছল, বিত্তবান তাদের সন্তানকে প্রাইমারি স্কুলে পড়ে না। তাদের সন্তানবা পৌরসভার সুবাদে পড়ে ওঠা কেজি স্কুল, প্রি. ক্যাডেট ও বিভিন্ন প্রকার উন্নত এন্ডাডেটসিতে লেখাপড়া করে। দরিদ্র পরিবারের শিশুবা যারা উপবৃত্তি পাবে বলে প্রাইমারি স্কুলে ভর্তি হয়েছিল তারাও বর্তমানে ঝরে যাচ্ছে। সুতরাং ওধু শহর বা পৌরসভার অঙ্কহাতে অসহায় দরিদ্র পরিবারের প্রাইমারি স্কুলে অধ্যয়নরত শিশুদের উপবৃত্তির সুযোগ থেকে বঞ্চিত করা উচিত হবে না। এতে দেশের দরিদ্র শিশুদের একাংশের মৌলিক অধিকার হুমু কবা হবে বলে আমি মনে করি। প্রসঙ্গত উল্লেখ্য, উচ্চ বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রীদের উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে শহর ও গ্রামীণ বিদ্যালয়দের কথা বলা হয়েছিল। কিন্তু পববর্তী সময়ে ওই আদেশ সংশোধন করায় আজ সাহাদেশের ছাত্রীরা উপবৃত্তি পায় না। আমি প্রধানমন্ত্রীর শিক্ষা বিভাগীয় কর্তৃপক্ষ বরাবরে উপযুক্ত বিধিমাটি পুনঃবিবেচনা করে শহর বা পৌরসভায় অবস্থিত প্রাথমিক বিদ্যালয়সমূহের দরিদ্র অসহায় ছিন্নমূল শিক্ষার্থীদের উপবৃত্তির আওতাভুক্ত করার জন্য আবেদন জানাচ্ছি।

মোঃ আঃ সালাম, প্রধান শিক্ষক, নারিতাবাড়ী সরকারি প্রাঃ বিদ্যালয়, শেরপুর